গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত (২য়) পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ১০/১০/২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:৩০ টা |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল Zoom প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি ভার্চুয়াল পদ্ধতিতে (Zoom App-এর মাধ্যমে) সংযুক্ত ও সভাকক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এ অন্তর্ভুক্ত 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত আজকের এই সভা আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব সভার কার্যপত্রের বিষয়সমূহ একে একে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা করা হয়। সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

২। সভাপতি উল্লেখ করেন যে, সেবা নির্বাচন আদেশ জারি, পাইলটিং, মূল্যায়ন ও চূড়ান্ত অফিস আদেশ জারি করার জন্য প্রতিটি ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময় প্রয়োজন। তিনি (i) উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, (ii) সেবা সহজিকরণ ও (iii) সেবা ডিজিটাইজেশনের জন্য এখনি প্রতিটি বিষয়ে একটি সেবা নির্বাচন করে আদেশ জারি এবং পরবর্তীতে পাইলটিং ও মূল্যায়ন শেষে "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এ বর্ণিত তারিখের পূর্বেই চূড়ান্ত অফিস আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। তিনি প্রত্যেক দপ্তর/সংস্থাকে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য বলেন। অনেক সময় কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হলেও কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়ের মধ্যে সম্পন্ন করতে না পারার কারণে পূর্ণ নম্বর পাওয়া যায় না মর্মে জানান। এ বিষয়ে সকলকে সতর্ক ও নিয়মিত কর্মপরিকল্পনাটির কার্যক্রম পরিবীক্ষণ করার জন্য অনুরোধ করেন। এরপর দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা করা হয়। সভায় যুক্ত প্রত্যেক দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ স্ব স্ব কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন।

৩। বিগত সভার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রম | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| (i) | প্রত্যেক দপ্তর/সংস্থাকে ' ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ ' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার উদ্যোগ নেয়া হয়েছে। |

| | | |
|---|---|---|
| (ii) | ইএফটি (EFT) এর মাধ্যমে যুব সংগঠন গুলোকে অনুদানের অর্থ প্রদানের জন্য উদ্যোগ গ্রহণের জন্য সুপারিশ করা হবে। | ইএফটি (EFT) এর মাধ্যমে যুব সংগঠনগুলোকে অনুদানের অর্থ প্রদানের জন্য উদ্যোগ গ্রহণ ও অনলাইনে আবেদনের সময় আংশিক বা অসম্পূর্ণ আবেদন স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। উক্ত সুপারিশ বাস্তবায়নের জন্য সচিব দপ্তর থেকে সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। |
| (iii) | অনলাইনে আবেদনের সময় আংশিক বা অসম্পূর্ণ আবেদন স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হবে। | |
| (iv) | অনলাইনে সভাকক্ষ বরাদ্দের অ্যাপলিকেশন সফটওয়্যারের জন্য নতুন একটি সার্ভার স্থাপন করতে হবে। | সার্ভার স্থাপন করা হয়েছে। |
| (v) | প্রত্যেক দপ্তর/সংস্থাকে একটি করে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন এর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রত্যেক দপ্তর/সংস্থাকে ১টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, ১টি সেবা সহজিকরণ ও ১টি ডিজিটাইজেশনের জন্য সেবা নির্বাচন করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য বলা হয়েছে। দপ্তর/সংস্থাসমূহ আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবে। |

৪। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' বাস্তবায়ন | 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও প্রত্যেক দপ্তর/সংস্থাকে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' অনুযায়ী ১৩ টি কর্মসম্পাদন সূচকের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৩. | একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | কর্মপরিকল্পনা অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। মন্ত্রণালয়ে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' বাস্তবায়নের লক্ষ্যে চারটি উদ্ভাবনী উদ্যোগ যথা: (i) 'মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকল্প প্রস্তাবনা পরিকল্পনা কমিশনে প্রেরণ', (ii) 'ক্রীড়া সংস্থার মঞ্জুরী ছাড়পত্র', (iii) 'যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্যতা ও আবেদন বিষয়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন' (iv) 'বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া ক্লাবের অনুকূলে আর্থিক অনুদান প্রদান' এর মধ্যে 'যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্যতা ও আবেদন বিষয়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন"-উদ্যোগটি এই অর্থবছরে নির্বাচন করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | i. 'যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্যতা ও আবেদন বিষয়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন' উদ্যোগটি এই অর্থবছরে নির্বাচন করা হল। এ উদ্ভাবনী ধারনাটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ii. দপ্তর/সংস্থাকে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য একটি সেবা নির্বাচন করে আদেশ জারির মাধ্যমে পরবর্তীতে পাইলটিং ও মূল্যায়ন করে "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এ বর্ণিত ১৬/০৩/২০২২ তারিখের পূর্বে চূড়ান্ত অফিস আদেশ জারি করতে হবে। | মন্ত্রণালয়<br>আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | একটি সেবা সহজিকরণ | মন্ত্রণালয়ে একটি সেবা সহজিকরণের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে “মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সেবা সহজিকরণ” নির্বাচন করা হয়েছে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ে তিন সদস্য বিশিষ্ট এসপিএস কমিটি গঠন করা হয়েছে। দপ্তর/সংস্থায় একটি সেবা নির্বাচন করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে সেবা সহজিকরণের জন্য একটি সেবা নির্বাচন করে আদেশ জারির মাধ্যমে পরবর্তীতে পাইলটিং ও মূল্যায়ন করে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২” এ বর্ণিত ২৫/০২/২০২২ তারিখের পূর্বে চূড়ান্ত অফিস আদেশ জারি করতে হবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৪. | ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | মন্ত্রণালয়ে (i) ‘অনলাইন আভ্যন্তরীন রিক্যুইজিশন ব্যবস্থাপনা’, (ii) ‘অনলাইন পেনশন তথ্য’, (iii) ‘নৈমিত্তিক ছুটির ডিজিটাল রেজিষ্টার’ সেবা তিনটি হতে একটি সেবাকে এই অর্থবছরে ডিজিটাইজেশনের জন্য নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। দপ্তর/সংস্থায়ও একটি সেবা ডিজিটাইজেশনের বিষয়ে আলোচনা হয়। | i. মন্ত্রণালয়ে ডিজিটাইজেশনের জন্য ‘নৈমিত্তিক ছুটির ডিজিটাল রেজিষ্টার’ সেবাটি বাস্তবায়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ এবং “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২” এ বর্ণিত ৩০/১২/২০২১ তারিখের পূর্বে চূড়ান্ত অফিস আদেশ আদেশ জারি করতে হবে।<br><br>ii.দপ্তর/সংস্থাকে ডিজিটাইজেশনের জন্য একটি সেবা নির্বাচন করে আদেশ জারির মাধ্যমে পরবর্তীতে পাইলটিং ও মূল্যায়ন করে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২” এ বর্ণিত ৩০/১২/২০২১ তারিখের পূর্বে চূড়ান্ত অফিস আদেশ আদেশ জারি করতে হবে। | মন্ত্রণালয়ের এসপিএস বাস্তবায়নকারী টিম<br><br>আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৫. | ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ই-ফাইলে নোট নিষ্পত্তি বৃদ্ধি করতে হবে। মন্ত্রণালয়ে গত মাসে ই-ফাইলে নিষ্পত্তির হার ৯৫.৮১%। দপ্তর/সংস্থা হতে এ বিষয়ে তথ্য পাওয়া যায়নি। দপ্তর/সংস্থায় ই-ফাইলে নোট নিষ্পত্তি হার ৮০% এর অধিক করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়ে ই-ফাইলে নোট নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থায় ই-ফাইলে নোট নিষ্পত্তির হার নূন্যতম ৮০% হতে হবে। প্রয়োজনে এ বিষয়ে দপ্তর/সংস্থা প্রশিক্ষণের আয়োজন করবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৬. | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ বিষয়ে সভা/কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ বিষয়ে ৪টি সভা/কর্মশালা আয়োজন করতে হবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৭. | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন | 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২' বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজন ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪টি সভা আয়োজন করতে হবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | তথ্য বাতায়নের সেবা বক্স ও বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ | (i)তথ্য বাতায়নের সেবা বক্স হালনাগাদকরণ ও (ii)বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে তথ্য বাতায়নের প্রতিটি সেবা বক্স প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিক পরিবীক্ষণ করতে হবে। ত্রৈমাসিক পরিবীক্ষণের স্ক্রিনশট দালিলিক প্রমাণক হিসেবে রাখতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

৫। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.০৫.০০১.২১.২৮২

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৫) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) উপসচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সিনিয়র সহকারী সচিব , প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার